গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-২ শাখা
www.mor.gov.bd

নং-৫৪.০০.০০০০.০৩৫.০৬.০০৫.২০২০-১১১

তারিখ: ১৪ পৌষ ১৪২৭
২৯ ডিসেম্বর ২০২০

বিষয়: এপিএ টিমের মাসিক সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে **২৮.১২.২০২০** তারিখে অনুষ্ঠিত রেলপথ মন্ত্রণালয়ের এপিএ টিমের মাসিক সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হ'ল।

সংযুক্তি: বর্ণনামতে।

(মোহাম্মদ জহিরুল ইসলাম)
উপসচিব
ফোন: ০১৭১১৬৯২৯২৭
ime2@mor.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা;
২। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন ও পরিকল্পনা/অডিট ও আইসিটি) রেলপথ মন্ত্রণালয়, ঢাকা;
৩। সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, ফু লবাড়ীয়া, ঢাকা;
৪। জনাব আ.ন.ম. আজিজুল হক, যুগ্মপ্রধান (পরিকল্পনা), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৫। জনাব জনাব মোহাং শওকত রশীদ চৌধুরী, যুগ্ম সচিব (বাজেট), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৬। জনাব মোঃ জর্জিসুর রহমান, উপসচিব (উন্নয়ন-৩), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৭। জনাব মীর আলমগীর হোসেন, উপসচিব (প্রশাসন-৪), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা; এবং
৮। জনাব মুহাম্মদ আব্দুস সালাম, উপসচিব (প্রশাসন-১), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
২। সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৩। জনাব মুহাম্মাদ সাইফুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (নীতি ও মূল্যায়ন) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা;
৪। অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) এর ব্যক্তিগত কর্মকর্তা,রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা; এবং
৫। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-২ শাখা
www.mor.gov.bd

রেলপথ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের নিমিত্ত এপিএ টিমের ডিসেম্বর ২০২০ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ সিরাজুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) |
| তারিখ | : | ২৮ ডিসেম্বর ২০২০ |
| সময় | : | সকাল ১১.০০ টা |
| স্থান | : | অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) এর অফিস কক্ষ<br>(কক্ষ নং-৯২৬, ৯ম তলা), রেলভবন, ঢাকা। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশ করা হলো।

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের জারিকৃত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২০- ২১ এর ৯ নং অনুচ্ছেদে এপিএ টিমের সদস্যদের নিয়ে প্রতি মাসে সভা অনুষ্ঠানের বাধ্যবাধকতা রয়েছে। সে বিবেচনায় অদ্যকার সভা ২০২০-২১ অর্থবছরে ডিসেম্বর মাসে অনুষ্ঠিত ৬ষ্ঠ সভা। করোনাভাইরাসজনিত মহামারীর কারণে পরিবর্তিত পরিস্থিতিতে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা যথাযথ অনুসরণপূর্বক রেলপথ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরে এপিএ'র নির্ধারিত লক্ষ্যমাত্রা যথাযথ বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করেন। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য তিনি এপিএ টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা, জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম, উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন) কে আহবান জানান। ফোকাল পয়েন্ট কর্মকর্তা আলোচ্যসূচি অনুসরণে আলোচ্য বিষয় উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ক) গত ৩০/০৯/২০২০ তারিখে অনুষ্ঠিত মাসিক সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা। | | ২(খ) ও ২(গ)-এর বিষয়ে কোন সিদ্ধান্ত নেই। |
| **সিদ্ধান্ত-২(খ):** ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের কর্মপরিকল্পনা; | ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১ম কোয়ার্টারের শাখাভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন গত ০৩ ডিসেম্বর ২০২০ তারিখে সংশ্লিষ্ট শাখাসমূহে প্রেরণ করা হয়েছে। | |
| **সিদ্ধান্ত-২(গ):** ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক প্রতিবেদন প্রস্তুত ও প্রমাণক সংগ্রহের প্রস্তুতি। | ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর ২০২০) ও অর্ধবার্ষিক (জুলাই- ডিসেম্বর ২০২০) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ আগামী ০৩ জানুয়ারি ২০২১ তারিখের মধ্যে প্রেরণের জন্য গত ১৪ ডিসেম্বর ২০২০ তারিখে সংশ্লিষ্ট সকলকে পত্র দেয়া হয়। | |

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| খ) ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংশোধনী; | ১৮.১০.২০২০ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্তের আলোকে মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে হতে প্রস্তাবিত কর্মসম্পাদন সূচক নং ৩.৩.১ ও ৩.৩.২ এর সংশোধনী প্রস্তাব গত ১৫ নভেম্বর ২০২০ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হয়। এ পরিপ্রেক্ষিতে, মন্ত্রিপরিষদ বিভাগ-এ অনুষ্ঠিত সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়ন সংক্রান্ত কারিগরি কমিটির ২০২০-২১ অর্থবছরের ৩য় সভায় রেলপথ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের এপিএ'র উক্ত সূচক দুটির সংশোধনের প্রস্তাব অনুমোদিত হয়। মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি ১৪ ডিসেম্বর ২০২০ তারিখে মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে-কে প্রেরণ করা হয়েছে। | সংশোধিত কর্মসম্পাদন সূচকের আলোকে কার্যক্রম বাস্তবায়নপূর্বক প্রমাণকসহ এপিএ টিমকে কপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো। |
| গ) ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক প্রতিবেদন প্রস্তুত ও প্রমাণক সংগ্রহের প্রস্তুতি; | ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর ২০২০) ও অর্ধবার্ষিক (জুলাই- ডিসেম্বর ২০২০) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ মন্ত্রণালয়ের বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় অনুমোদনসাপেক্ষে আগামী ১৪ জানুয়ারি ২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের এপিএএমএস সফটওয়্যারে এন্ট্রি ও আপলোড করার বাধ্যবাধকতা রয়েছে। অর্ধবার্ষিক প্রতিবেদন (প্রমাণকসহ) ০৩.০১.২০২১ তারিখের মধ্যে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে পত্র প্রেরণ করা হয়েছে। | ১) ২০২০-২১ অর্থবছরের এপিএ'র অর্ধবার্ষিক প্রতিবেদনের খসড়া বাজেট ব্যবস্থাপনা কমিটিতে অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে।<br><br>২) নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। |

৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

27/12/2020

(মোঃ সিরাজুল ইসলাম)
এপিএ টিম লিডার
এবং
অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ)
রেলপথ মন্ত্রণালয়